

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date : 13-03-2025

Time : 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

Assembly :

আগামী ২১শে মার্চ থেকে রাজ্য বিধানসভার বাজেট অধিবেশন শুরু হবে। রাজ্য বিধানসভার বিজনেস এডভাইজারী কমিটির বৈঠকে গতকাল এই সিদ্ধান্ত নেয়া হয়। অধিবেশন চলবে আগামী পয়লা এপ্রিল পর্যন্ত। অধিবেশনের প্রথম দিনেই অর্থাৎ ২১শে মার্চ ২০২৫-২৬ অর্থবছরের পূর্ণাঙ্গ বাজেট পেশ করা হবে বলে পরিষদীয় মন্ত্রী রতন লাল নাথ জানিয়েছেন।

PM, Mauritius :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল মরিশাসের চ্যাম্প ডি মার্से মরিশাসের জাতীয় দিবস উদযাপন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে যোগ দেন। অনুষ্ঠানে, মরিশাসের রাষ্ট্রপতি ধরমবীর গোখুল ভারত-মরিশাস অংশীদারিত্বে অসাধারণ অবদানের জন্য শ্রী মোদীকে গ্র্যান্ড কমান্ডার অফ দ্য অর্ডার অফ দ্য স্টার অ্যান্ড কি অফ দ্য ইন্ডিয়ান ওশেন সম্মানে ভূষিত করেন। প্রধানমন্ত্রী মোদী হলেন প্রথম ভারতীয় যিনি মরিশাসের সর্বোচ্চ অসামরিক পুরস্কার পেলেন। প্রধানমন্ত্রী শ্রী মোদী এই পুরস্কার ১৪০ কোটি ভারতীয় ও ভারত মরিশাস মৈত্রীর উদ্দেশ্যে উৎসর্গ করেন।

এর আগে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং মরিশাসের প্রধানমন্ত্রী ডঃ নবীনচন্দ্র রামগুলাম প্রতিনিধি পর্যায়ের আলোচনায় দ্বিপাক্ষিক অংশীদারিত্বের মূল ক্ষেত্রগুলি পর্যালোচনা করেন। উভয় নেতাই সম্পর্ককে একটি উন্নত কৌশলগত অংশীদারিত্বে উন্নীত করার প্রতিশ্রুতি দেন।

Post Office:

সারা দেশে প্রায় এক লক্ষ্য ৬৫ হাজার পোস্ট অফিস কাজ করছে। যার মধ্যে শহর এলাকায় ১৬ হাজার এবং গ্রামীণ এলাকায় এক লক্ষ্য উনপঞ্চাশ হাজারেরও বেশী পোস্ট অফিস চালু রয়েছে। যোগাযোগ প্রতিমন্ত্রী প্রেমা সানি চন্দ্র শেখর গতকাল লোক সভায় এক লিখিত উত্তরে এখবর জানিয়ে বলেন, দেশের প্রতিটি পোস্ট অফিসকে কম্পিউটারাইজড করা হয়েছে। এক লক্ষ্য ৬৩ হাজারেরও বেশী পোস্ট অফিসে ব্যাঙ্কিং এবং অন্যান্য ডিজিটাল পরিষেবা চালু রয়েছে বলে তিনি জানিয়েছেন।

Cabinet Decision :

বিদ্যালয় শিক্ষা দপ্তরে বিদ্যাজ্যোতি স্কুলগুলির জন্য কম্পিউটার সায়েন্সে পোস্ট গর্যাজুয়েট পদে ১১৮ জন শিক্ষক নিয়োগের সিদ্ধান্ত নিয়েছে রাজ্য সরকার। সম্প্রতি রাজ্য মন্ত্রিসভার বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয় বলে গতকাল মহাকরনে এক সাংবাদিক সম্মেলনে খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী জানিয়েছেন তিনি আরও জানান, জেআরবিটি-র মাধ্যমে খাদ্যদপ্তরে স্টোরগার্ডের ৩৫টি পদ পূরণ করা হবে।

100 Days stop TB :

রাজ্যের ৫টি জেলায় গত ৭ই ডিসেম্বর থেকে যক্ষ্মা নির্মূলিকরণের লক্ষ্যে ১০০ দিনের বিশেষ অভিযান চলছে। এই জেলাগুলি হল উত্তর ত্রিপুরা, উনকোটি, সিপাহীজলা, গোমতী ও দক্ষিণ ত্রিপুরা। জাতীয় যক্ষ্মা নির্মূলিকরণ কর্মসূচির রাজ্য প্রধান আধিকারিক ও স্টেট এনএইচএম এর সদস্য-সচিব ডা: নূপুর দেববর্মা প্রতিনিধিকে জানিয়েছেন, সমীক্ষায় দেখা গেছে এই পাঁচটি জেলায় যক্ষ্মা

রোগে আক্রান্ত হয়ে প্রতি ১ লক্ষে ছয় জনের মৃত্যু হয়। তবে প্রতি লক্ষে তিনজনের বেশি মৃত্যুর ঘটনা যাতে না ঘটে সে বিষয়ে কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রকের নির্দেশিকা রয়েছে। ডা: দেববর্মা জানান, চলতি বছরে ১১ মার্চ পর্যন্ত তথ্য অনুযায়ী রাজ্যে ১ হাজার ৬৬১ জন টিবি রোগীর চিকিৎসা চলছে। টিবি রোগীদের চিকিৎসাকালীন সময়ে পুষ্টির খাদ্যের জন্য প্রতিমাসে অর্থ বরাদ্দ ৫০০ টাকা থেকে বাড়িয়ে এক হাজার টাকা করা হয়েছে।

Bankul Mahamuni Festival and Fair :

সার্বভৌমের রূপাইছড়ি ব্লকের বনকুল মহামুনি মন্দিরে আজ থেকে ঐতিহ্যবাহী বনকুল মহামুনি উৎসব ও মেলা শুরু হচ্ছে। পাঁচদিনব্যাপী এই মেলা চলবে আগামী ১৭ই মার্চ পর্যন্ত। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ বিকাল ৪টায় মহামুনি উৎসব ও মেলার উদ্বোধন করবেন।

Ayushman Arogya Camp :

দক্ষিণ জেলার বড়পাথরীর মাছুয়ার খিল অঙ্গনওয়াড়ি কেন্দ্রে গতকাল স্বাস্থ্য দপ্তরের উদ্যোগে আয়ুস্মান আরোগ্য শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে লক্ষীপুর স্বাস্থ্য ও সুস্থতা কেন্দ্রের কমিউনিটি হেলথ অফিসার অয়মিতা দত্ত ৪৯ জন রোগীর স্বাস্থ্য পরীক্ষা করেন।

Mukhamantri Samipeshu :

মুখ্যমন্ত্রী সমীপেষু কর্মসূচির ৩৯তম পর্বে গতকাল মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা জনগণের সঙ্গে সাক্ষাৎ করেন। মুখ্যমন্ত্রীর সরকারি বাসভবনে আয়োজিত সাপ্তাহিক এই কর্মসূচিতে সাধারণ মানুষ চিকিৎসা, কর্মসংস্থান,

জমি সহ বিভিন্ন সমস্যা নিয়ে মুখ্যমন্ত্রীর সাথে খোলামেলা আলোচনা করেন।
প্রত্যেকে মুখ্যমন্ত্রীর কাছ থেকে সমস্যা সমাধানের পথ খুঁজে পেয়ে আশ্বস্ত হন।

Weather:

আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। রাজ্যের দু এক জায়গায় হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজকের তাপমাত্রা সর্বোচ্চ ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৯ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৩.৭ ডিগ্রী সেলসিয়াস।
